

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ৪৫১

তারিখ ০৭/০৭/২০১৫ খ্রি.

বিষয়: জাতীয় শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়টি বিয়োজনের ফলে শিক্ষার্থী ভর্তি এবং এমপিও'র শর্তাবলী পরিমার্জন।

সূত্র : নং-(১)৩৭.০০.০০০০.০৭১.০৭.০০৪.১১-৬০৩

তারিখ : ১৩/০৬/২০১৩ খ্রি.

(২)শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৪১৪

তারিখ : ১১/১২/২০১৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক এ বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের জন্য নতুন করে কোনো শিক্ষক/শিক্ষিকা নিয়োগ দেওয়া যাবেনা। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে এ বিষয়টি নতুন করে চালু করার অনুমতি দেওয়া হবেনা। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পর এ বিষয়টি ঐচ্ছিক বিষয় হিসেবে নেওয়ার সুযোগ থাকবেনা। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পর সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের এমপিওসহ শিক্ষক/শিক্ষিকাগণ (২) নং সূত্রোক্ত স্মারকের অনুচ্ছেদ নং '২' অনুযায়ী চাকুরিতে বহাল থাকবেন।

উল্লিখিত অনুচ্ছেদ নং '২' নিম্নরূপ:

"বর্তমানে কর্মরত এমপিওসহ অথবা বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কোনো শিক্ষক/শিক্ষিকাকে শিক্ষাক্রমে বিষয় পরিবর্তনের কারণে চাকুরিত্যুত করা বা এমপিও বাতিল করা যাবেনা অথবা এমপিও প্রাপ্তির ক্ষেত্রে কোনো বাধা থাকবেনা। এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষককে তাঁর স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের বিষয়ের সাথে প্রত্যক্ষভাবে সংগতিপূর্ণ বা অনুবন্ধ রয়েছে এমন বিষয় পাঠদান করতে দেওয়া যাবে। চাকুরিরত শিক্ষকের চাকুরির মেয়াদ শেষ হলে শূন্য পদে যথাযথ অনুমোদন সাপেক্ষে জাতীয় শিক্ষাক্রম ২০১২ এর বিষয় চাহিদা অনুসারে শিক্ষক নিয়োগ দেওয়া যাবে।


০১-০৭-২০১৫

ড. মো: লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

ই-মেইল: drliaquate@gmail.com